# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৭৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২. সশব্দে ‘বিসমিল্লাহির রহমানির রাহীম' পড়া সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ ذِكْرِ اخْتِلَافِ الرِّوَايَةِ فِي الْجَهْرِ بِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আরবী

ثَنَا أَحْمَدُ بْنُ الْعَبَّاسِ الْبَغَوِيُّ ، ثَنَا عُمَرُ بْنُ شَبَّةَ ، ثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ ، ثَنَا شُعْبَةُ ، قَالَ : سَمِعْتُ قَتَادَةَ يُحَدِّثُ عَنْ أَنَسٍ ، قَالَ : صَلَّيْتُ مَعَ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَأَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ ـ رَضِيَ اللَّهُ عَنْهُمْ ـ فَلَمْ أَسْمَعْ أَحَدًا مِنْهُمْ يَقْرَأُ : ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) ، وَكَذَلِكَ رَوَاهُ مُعَاذُ بْنُ مُعَاذٍ ، وَحَجَّاجُ بْنُ مُحَمَّدٍ ، وَمُحَمَّدُ بْنُ بَكْرٍ الْبُرْسَانِيُّ ، وَبِشْرُ بْنُ عُمَرَ ، وَقُرَادٌ أَبُو نُوحٍ ، وَآدَمُ بْنُ أَبِي إِيَاسٍ ، وَعُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى ، وَأَبُو النَّضْرِ ، وَخَالِدُ بْنُ يَزِيدَ الْمَزْرَفِيُّ ، عَنْ شُعْبَةَ ، مِثْلَ قَوْلِ غُنْدَرٍ وَعَلِيِّ بْنِ الْجَعْدِ ، عَنْ شُعْبَةَ : سَوَاءً ، وَرَوَاهُ وَكِيعُ بْنُ الْجَرَّاحِ وَأَسْوَدُ بْنُ عَامِرٍ ، عَنْ شُعْبَةَ : بِلَفْظٍ آخَرَ

বাংলা

১১৭৩(২). আহমাদ ইবনুল আব্বাস আল-বাগাবী (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে এবং আবু বাকর (রাঃ), উমার (রাঃ) ও উসমান (রাঃ)-এর সাথে নামায পড়েছি। আমি তাদের কাউকে 'বিসমিল্লাহির রহমানির রাহীম’ পড়তে শুনিনি।

অনুরূপভাবে এই হাদীস মুআয ইবনে মু'আয, হাজ্জাজ ইবনে মুহাম্মাদ, মুহাম্মাদ ইবনে বাকর আল-বুরসানী, বিশর ইবনে উমার, কিরাদ আবু নূহ, আদম ইবনে আবু ইয়াস, উবায়দুল্লাহ ইবনে মূসা, আবুন নাদর ও খালিদ ইবনে ইয়াযীদ আল-মাযরাফী (রহঃ) প্রমুখ শো’বা (রহঃ) থেকে গুনদার ও আলী ইবনুল জা’দ (রহঃ)-এর উক্তির অনুরূপ বর্ণনা করেছেন। এই হাদীস ওয়াকী’ ও আল-আসওয়াদ ইবনে আমের (রহঃ) শো’বা (রহঃ) থেকে অন্য শব্দে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80962

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন